গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
এস্টাব্লিশমেন্ট অব ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্প
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং-৩১.০৩.২৬৯২.০১৬.০২.০০১.১৯-১০৫ তারিখ : ০২/০৯/১৯ খ্রি.

প্রাপক:

১) ম্যানেজার (বিজ্ঞাপন)
দৈনিক যুগান্তর
বিজ্ঞাপন বিভাগ
ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল বিশ্বরোড
বারিধারা, ঢাকা-১২১৯।

২) Manager (Advertisement)
The Daily Star
64-65, Kazi Nazrul Islam Avenue
Dhaka-1215.

বিষয় ঃ জনবল নিয়োগের লক্ষ্যে বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসংগে।

ভূমি মন্ত্রণালয়ের অধীনে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Establishment of Digital Land Management System (DLMS) through Digital Survey and Settlement Operations of 3 (Three) City Corporations, 1 (One) Pourasava and 2 (Two) Rural Upazila of Bangladesh শীর্ষক প্রকল্পে জনবল নিয়োগের লক্ষ্যে ১(এক) দিনের জন্য জরুরী ভিত্তিতে বিজ্ঞপ্তিটি প্রচার এবং প্রচারিত পত্রিকার সৌজন্য কপিসহ বিল নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত-বিজ্ঞপ্তি-২(দুই) ফর্দ।

০২/০৯/২০১৯

নেছার আহমদ
(যুগ্ম-সচিব)
প্রকল্প পরিচালক
ফোনঃ ৮১৭০০৩৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য :

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা {দৃষ্টি আকর্ষন: অতিরিক্ত সচিব (উন্নয়ন)}।

২। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।

৩। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। আইসিটি কর্মকর্তা, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
এস্টাব্লিশমেন্ট অব ডিজিটাল ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম প্রকল্প
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
২৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।

# নিয়োগ বিজ্ঞপ্তি নং-২/২০১৯

স্মারক নং-৩১.০৩.২৬৯২.০১৬.০২.০০১.১৯-১০৪ তারিখ : ০২/০৯/১৯ খ্রি.

ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন Establishment of Digital Land Management System (DLMS) through Digital Survey and Settlement Operations of 3 (Three) City Corporations, 1 (One) Pourasava and 2 (Two) Rural Upazila of Bangladesh শীর্ষক প্রকল্পের নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদের জন্য সরকারী বিধি মোতাবেক সাকুল্যে বেতনে ( Consolidated Pay) নিয়োগ প্রদানের নিমিত্ত বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখের পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল ফরম (লিংক- https://msw.portal.gov.bd/sites/default/files/files/msw.portal.gov.bd/forms/eda08897_1a93_4f54_a6a4_803417e98d3c/Application%20Form-%20Unicode.pdf) অনুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন গ্রেড | পদ সংখ্যা (জন) | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | হিসাব সহকারী | গ্রেড-১৬ | ০১ (এক) | (ক) বানিজ্য বিভাগে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে হিসাব রক্ষণ সংক্রান্ত কাজে পারদর্শী হতে হবে। |
| ০২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | গ্রেড-১৬ | ০২ (দুই) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ। |
| ০৩ | ডটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | গ্রেড-১৬ | ৪৫ (পয়তাল্লিশ) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ । |

**শর্তাবলী:**

১. প্রার্থীকে আবেদনপত্র সাথে প্রকল্প পরিচালক, Establishment of Digital Land Management System (EDLMS) Project এর অনুকূলে ১০০/-(একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ আগামী ৩০/০৯/২০১৯ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, Establishment of Digital Land Management System (EDLMS) Project, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ২৮ শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা-১২০৮ বরাবরে ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে (হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা) পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবেনা।

২. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি (প্রশংসাপত্র/মার্কসীট গ্রহণযোগ্য নয়);
(খ) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
(গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের (নামসহ সীল দ্বারা) সত্যায়িত কপি;
(ঙ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(চ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা প্রমাণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(ছ) মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রেজি: নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে;

(জ) আবেদনকারী মহিলা মুক্তিযোদ্ধার সন্তান অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান /সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি এবং পিতা মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি;

(ঝ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঞ) প্রার্থীর নাম, ঠিকানা (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) উল্লেখ করে ১০/-(দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট সম্বলিত ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম ;

৩. প্রার্থীকে আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও নিজ জেলা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৪. ৩০/০৯/২০১৯ খ্রি. তারিখে প্রার্থীদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

৫. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য;

৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান প্রযোজ্য সকল বিধি-বিধান অনুসরণ করা হবে;

৭. চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়;

৮. দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবেনা;

৯. মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১০. ছবি ও কাগজপত্র সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামসহ সীল দ্বারা) কর্তৃক সত্যায়িত হতে হবে;

১১. অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে;

১২. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। তবে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৩. প্রাপ্ত আবেদনপত্র যাঁচাই, বাছাই করে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগনকে পরীক্ষার সময়সূচী ও স্থান উল্লেখ পূর্বক প্রার্থীর নিজ ঠিকানায় পরীক্ষার প্রবেশপত্র প্রেরণ করা হবে;

১৪. অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্রের সংযোজনীতে নির্ধারিত সাকুল্যে বেতন কাঠামোর বিধি বিধান প্রযোজ্য হবে;

১৫. নিয়োগ বিজ্ঞপ্তি জারীর পরেও উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা/কর্মচারী নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষের জারীকৃত প্রাসঙ্গিক সকল আদেশ/পরিপত্র/নীতিমালা প্রযোজ্য হবে;

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. নিয়োগ বিজ্ঞপ্তিটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.minland.gov.bd) এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এর ওয়েব সাইট (www.dlrs.gov.bd) এ পাওয়া যাবে।

02/12/2020

নেছার আহমদ
(যুগ্ম সচিব)
প্রকল্প পরিচালক
ও
সভাপতি
জনবল নিয়োগ কমিটি
ফোনঃ ৮১৭০০৩৬